৩য় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৫.২০-১০৬

তারিখঃ ১৯ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি, ২০২১ খ্রি:

বিষয় : টিএমইডি'র আওতাধীন সংস্থা/প্রতিষ্ঠানের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পুনরায় একটি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের লক্ষ্যে নোটিশ জারী।

সূত্র: ০১. টিএমইডি এর স্মারক নং- ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৬.০০১.১৯(পার্ট-১), তারিখ: ১৫.১২.২০২০ খ্রি.।
০২. টিএমইডি এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৫.২০-৯৭, তারিখ: ০৪.০১.২০২১ খ্রি.।
০৩. শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর এর স্মারক নং-৮২.১৬.০০০০.১০৭.০৬.০০২.২০-০৪, তারিখ: ১৭.০১.২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টিএমইডি এর আওতাধীন নিম্নবর্ণিত প্রতিষ্ঠানের বিরুদ্ধে উত্থাপিত অগ্রীম অনুচ্ছেদভূক্ত আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আগামী ০১.০২.২০২১ খ্রি. তারিখ, সোমবার সকাল ১০.৩০ মিনিটে অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এঁর সভাপতিত্বে টিএমইডি এর সভাকক্ষে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | অডিট আপত্তিভুক্ত প্রতিষ্ঠানের নাম | অর্থ বৎসর | আপত্তির ধরণ | আপত্তির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর। | ২০১১-২০১৫ অর্থ বছর | অগ্রীম | ১৩ (তের) টি | আপত্তির সংখ্যা বিবেচনায় সভাটি বিকাল ৪:৩০ পর্যন্ত অব্যাহত থাকতে পারে। |
| ০২. | বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া। | ২০০৮-১৬ অর্থ বছর | ঐ | ০৬ (ছয়) টি | |
| ০৩. | নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ, নীলফামারী। | ১৯৯৫-২০১৬ অর্থ বছর | ঐ | ০৫ (পাঁচ) টি | ঐ |
| ০৪. | গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাজীপুর। | ২০০৩-২০১৬ অর্থ বছর | ঐ | ০৬ (ছয়) টি | ঐ |
| ০৫. | জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া। | ২০১৭-২০১৮ | ঐ | ০৪ (চার) টি | ঐ |

০৩.এখানে উল্লেখ্য যে, সূত্রোস্থ ০১ নং স্মারকমূলে সংস্থা/প্রতিষ্ঠানের বিরুদ্ধে উত্থাপিত অডিট আপত্তি বিষয়ে অনুষ্ঠিতব্য ত্রি-পক্ষীয় সভায় প্রতিনিধি প্রেরণ করার জন্য মহোদয়কে অনুরোধ পত্র প্রেরণ করা হয়।

০৩. সকল প্রস্তুতি থাকা সত্বেও গত ৩০.১২.২০২০ খ্রি. এবং ২০.০১.২০২১ খ্রি. তারিখের নির্ধারিত সভাতে মহোদয়ের প্রতিনিধি না আসায় সভা ০২ টি স্থগিত করতে হয়েছে।

০৪. উল্লেখ্য, সূত্রোস্থ ০৩ নং স্মারকমতে শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তরের অভ্যন্তরীণ কিছু কারণ উল্লেখক্রমে ২০.০১.২১ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য ত্রিপক্ষীয় সভায় প্রতিনিধি প্রেরণের অপারগতা প্রকাশ করা হয়েছে।

০৪. কিন্তু বিশেষভাবে উল্লেখ্য যে, এপিএ এর টার্গেট পূরনের নিমিত্ত প্রতি মাসে কমপক্ষে ০১ (এক) টি ত্রিপক্ষীয় সভা করার বাধ্যবাধকতা রয়েছে নচেৎ APA এর লক্ষ্য পূরণ সম্ভব হবে না। APA এর লক্ষ্য পূরণে ব্যর্থ হলে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক কৈফিয়ত তলবের প্রবল আশংকা বিদ্যমান।

০৬. উক্ত সভায় এ বিভাগের অধীনস্থ উপরিউক্ত সংস্থা/প্রতিষ্ঠানের বিষয়ে উত্থাপিত অগ্রীম অনুচ্ছেদভূক্ত মোট ৩৪ (চৌত্রিশ) টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীটের জবাবসমূহ (প্রমাণকসহ) আলোচনা করা হবে এবং ত্রি-পক্ষীয় সভার আলোচনা ও সিদ্ধান্তের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭. আলোচনার সুবিধার্থে উপরিউক্ত উত্থাপিত অগ্রীম অনুচ্ছেদভূক্ত অডিট আপত্তি বিষয়ে কার্যপত্র তৈরি করে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।

চলমান পাতা/০২

০৮. এমতাবস্থায়, উত্থাপিত অগ্রীম অনুচ্ছেদভূক্ত অডিট আপত্তিগুলি নিষ্পত্তির লক্ষ্যে নির্ধারিত তারিখ ও সময়ে নির্ধারিত স্থানে উপযুক্ত প্রতিনিধি (সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে উপপরিচালক পর্যায়ের কর্মকর্তার নিচে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে ৩য় বারের মতো মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে কার্যপত্র ৩৫ ফর্দ (ইতোমধ্যে ০২ বার প্রেরিত)

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৯৫৭৫২৭২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৫ম ও ৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
**(উপপরিচালক পর্যায়ের ০২ জন কর্মকর্তা প্রেরণের অনুরোধসহ)**
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। **(২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)**
৪. পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া। **(২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)**
৫. উপসচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অধ্যক্ষ, বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা। **(২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)**
৭. অধ্যক্ষ, রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর। **(২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)**
৮. অধ্যক্ষ, গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাজীপুর। **(২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)**
৯. অধ্যক্ষ, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ, নীলফামারী। **(২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)**

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো)**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। কম্প্রোটলার এন্ড অডিটর জেনারেল এর একান্ত সচিব, সেগুনবাগিচা, ঢাকা।
৩। জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
৫। সহকারী সচিব (সেবা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। **(২০ জনের আপ্যায়ণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**
৬। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭-৮। অফিস কপি/ মাষ্টার কপি।